
# বিএআরআই সংবাদ

বর্ষ ৩৫ সংখ্যা ৩, ২০২৩

www.bari.gov.bd

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র


## প্রথম জাতিসংঘের খাদ্য সিস্টেম ২০২৩ স্টকটেকিং মোমেন্ট



*জাতিসংঘের খাদ্য ব্যবস্থা সামিট স্টকটেকিং-২ মোমেন্টে যোগদানরত ইতালিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ডান থেকে ড. মো. আব্দুর রাজ্জাক, মাননীয় কৃষি মন্ত্রী, ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ড. মো. শহজাহান কবীর, মহাপরিচালক, (ব্রি) এবং বাম থেকে জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়, ড. মির্জা মোফাজ্জল ইসলাম, মহাপরিচালক, (বিনা), ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বিএআরআই।*

ইতালির রোমে গত ২৪-২৬ জুলাই ২০২৩ তিন দিনব্যাপী "First United Nations Food Systems 2023 Stocktaking Moment" শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের অংশ হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক, এমপি, কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ওয়াহিদা আক্তার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর এবং বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মির্জা মোফাজ্জল ইসলাম কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন। ■

## বারি'র অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩ উদ্বোধন



*অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালায় প্রধান অতিথি জনাব ওয়াহিদা আক্তার ও অন্যান্য অতিথিবৃন্দ।*




*কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর "অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩" এর উদ্বোধন অনুষ্ঠান গত ৩০ জুলাই ২০২৩ ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

গত ২০২২-২০২৩ সনে যে সকল গবেষণা কর্মসূচি হাতে নেয়া হয়েছিল সেগুলোর মূল্যায়ন এবং এসব অভিজ্ঞতার আলোকে আগামী ২০২৩-২০২৪ সনে গবেষণা কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে এ কর্মশালার আয়োজন করা হয়েছে। বারি'র বিজ্ঞানীরা এ পর্যন্ত বিভিন্ন ফসলের ৬৫০টি উচ্চ ফলনশীল (হাইব্রিডসহ), রোগ প্রতিরোধক্ষম ও বিভিন্ন প্রতিকূল পরিবেশে চাষোপযোগী জাত এবং ৬৪০টি অন্যান্য উৎপাদন প্রযুক্তিসহ এযাবৎ মোট ১,২৯০টি প্রযুক্তি উদ্ভাবন করেছে। এ সকল *এরপর পৃষ্ঠা ২*

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

# সম্পাদকীয়



স্বাধীনতা পরবর্তী সময়ে এ দেশের উন্নয়নে যে খাতগুলো বিশেষ অবদান রেখেছে তাঁদের মধ্যে কৃষিখাত বিশেষভাবে উল্লেখযোগ্য। আমাদের কৃষি ক্ষেত্রে যে সফলতা এর মূলে যে ক'জন হাতেগোনা কৃষিবিদের নাম উল্লেখ করতে হয় তার মধ্যে পুরোধা ব্যক্তি হচ্ছেন ড. কাজী এম. বদরুদ্দোজা। তাঁর নানামুখী কর্মকাণ্ডের মধ্যে সমন্বিত কৃষি গবেষণা সিস্টেম (NARS) প্রবর্তন, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা, দক্ষ জনবল সংগ্রহ ও তৈরি করা ইত্যাদি উল্লেখযোগ্য। মোট কথা, একটি স্বাধীন দেশের উপযোগী কৃষি ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে তিনি ছিলেন পথীকৃত। কৃষির প্রবাদ পুরুষ ড. বদরুদ্দোজা ৩০ আগস্ট ২০২৩ উত্তরা ঢাকায় ক্রিসেন্ট হাসপাতালে বিকেল ৪:৩০ টায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। ক্ষণজন্মা মানুষটি আমাদের ছেড়ে গেছেন। কিন্তু রেখে গেছেন বর্ণিল এক কর্ম জীবন। তার দেখানো পথে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এগিয়েছে অনেকটা পথ। যার মধ্যে আছে উল্লেখযোগ্য অর্জন। প্রতিষ্ঠানটি এ পর্যন্ত ৬৫০টি ফসলের জাত এবং ৬৪০টি উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন করেছে। এর মাঝে কিছু জাত যেমন- বারি কাঁঠাল-৩, বারি আম-৩, ৪ (হাইব্রিড), ১১, ১২, বারি ড্রাগন ফ্রুট-১, বারি পেয়ারা-২, বারি হাইব্রিড টমেটো-৮, ১১, বারি টমেটো-১৪, ২১, বারি বেগুন-১০, ১২, বারি বিটি বেগুন-৪, বারি লাউ-৪, বারি হাইব্রিড মিষ্টি কুমড়া-২, বারি আলু-২৫, ৩৭, ৪১, ৪৭, ৫৭, ৬২, ৯০, ১০১, বারি মিষ্টি আলু-১৬, ১৭, বারি পানি কচু-২, বারি সরিষা-১৮, বারি সূর্যমুখী-৩, বারি মুগ-৬, বারি তিল-৬, বারি চীনা বাদাম-৯, ১০, বারি মসুর-৮ সহ বেশ কিছু জাত কৃষক মহলে বিশেষভাবে সমাদৃত। দেশকে সামনে এগিয়ে নিতে বিএআরআই বিজ্ঞানীরা ড. কাজী এম. বদরুদ্দোজার আদর্শকে সামনে রেখে গবেষণা কার্যক্রম চলমান রেখেছে। কৃষিবিদরা দেশের এই সূর্যসন্তানকে তাদের মুকুট করে রাখবে চিরকাল। কারণ তার কর্মের মাঝেই কৃষির জয় যাত্রা। কর্মময় এই বীরের আদর্শ বুকে নিয়ে বাংলাদেশের কৃষি একদিন তার কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাবে। ■

> “একটি স্বাধীন দেশের উপযোগী কৃষি ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে ড. কাজী এম. বদরুদ্দোজা ছিলেন পথীকৃত।”

## বারি'তে খাদ্য নিরাপত্তায় ফসলের পোকা-মাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত




*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথির বক্তব্য রাখছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর আয়োজনে খাদ্য নিরাপত্তায় ফসলের পোকা-মাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ এর সমাপনী অনুষ্ঠান গত ১২ জুলাই ২০২৩ ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। হেকেম (বাংলাদেশ) লিমিটেড, ঢাকা এর সহযোগিতায় আয়োজিত (১১-১২) জুলাই দুই দিন ব্যাপী এ প্রশিক্ষণে হেকেম (বাংলাদেশ) লিমিটেড, ঢাকা এর বিভিন্ন স্তরের ৩০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রশিক্ষণ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শওকত আলী খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। অনুষ্ঠানটির কো-অর্ডিনেটর হিসেবে ছিলেন প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. ইমরান খান চৌধুরী। ■

## বারি'র অভ্যন্তরীণ গবেষণা...

*প্রথম পৃষ্ঠার পর*

প্রযুক্তি উদ্ভাবনের ফলে দেশে তেলবীজ, ডালশস্য, আলু, সবজি, মসলা এবং ফলের উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এসব প্রযুক্তির উপযোগিতা যাচাই বাছাই ও দেশের বর্তমান চাহিদা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবনের কর্মসূচি গ্রহণ করাই এ কর্মশালার মূল উদ্দেশ্য। কর্মশালার কারিগরি অধিবেশনসমূহ আগামী ০১ আগস্ট ২০২৩ হতে নিয়মিতভাবে অনুষ্ঠিত হবে।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ওয়াহিদা আক্তার। প্রধান অতিথির বক্তব্যে মাননীয় সচিব জনাব ওয়াহিদা আক্তার বলেন, খোরপোষের কৃষি এখন বাণিজ্যিক কৃষিতে রুপান্তরিত হয়েছে। প্রতিকূল আবহাওয়া, বর্ধিত জনসংখ্যা, ক্রমহ্রাসমান আবাদী জমির পরেও বাংলাদেশের কৃষির সাফল্য ঈর্ষনীয়। বর্তমান সরকারের সময়োপযোগী সঠিক সিদ্ধান্তে দেশ আজ খাদ্যে স্বনির্ভর।

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাদল চন্দ্র বিশ্বাস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মির্জা মোফাজ্জল ইসলাম এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান।

উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম। অনুষ্ঠানে বারি'র গবেষণা কার্যক্রম ও সাফল্যের উপর সংক্ষিপ্ত উপস্থাপনা উপস্থাপন করেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এসময় আরও উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয় এর যুগ্মসচিব (গবেষণা অনুবিভাগ) জনাব রেহানা ইয়াছমিন এবং যুগ্মসচিব (গবেষণা অধিশাখা) ড. সাবিনা ইয়াসমিন। এছাড়াও উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস এবং পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন। উক্ত অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নার্সভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান, বিএডিসি ও কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বারি'র বিভিন্ন বিভাগের বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## ওয়েজিনইনজেন ইউনিভার্সিটির প্রতিনিধি দলের বারি পরিদর্শ



*ওয়েজিনইনজেন ইউনিভার্সিটি নেদারল্যান্ডস এর প্রতিনিধি দলের সাথে বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

নেদারল্যান্ডস এর ওয়েজিনইনজেন ইউনিভার্সিটির ওয়েজিনইনজেন প্লান্ট রিচার্স এর ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ০৩ আগস্ট ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। প্রতিনিধি দল বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এরপর বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এরপর *এরপর পৃষ্ঠা ৬*

## বারি'তে এআইটি, থাইল্যান্ড এর কৃষি গবেষণা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



*ড. অভিষেক দত্ত, প্রফেসর এন্ড হেড, ডিপার্টমেন্ট অফ ফুড, এআইটি শিক্ষা ও গবেষণা বিষয়ক তথ্য উপস্থাপন করেন।*

গত ২৮ আগস্ট ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এর সেমিনার কক্ষে এআইটি, থাইল্যান্ড এর কৃষি গবেষণা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়।

উক্ত সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ড. অভিষেক দত্ত, প্রফেসর এন্ড হেড, ডিপার্টমেন্ট অফ ফুড, এগ্রিকালচার এন্ড বায়ো-রিসোর্স, স্কুল অফ ইনভার্মেন্ট, রিসোর্সেস এন্ড ডেভলপমেন্ট, এশিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি, থাইল্যান্ড। বারি'র পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এর সভাপতিত্বে এবং বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শওকত আলী খান এর উপস্থাপনায় উক্ত অনুষ্ঠানে পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম সহ বিভিন্ন দপ্তরের *এরপর পৃষ্ঠা ৬*

## নেদারল্যান্ডস প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*নেদারল্যান্ডস প্রতিনিধি দলের সাথে বারি বিজ্ঞানীবৃন্দ মতবিনিময় করছেন।*

নেদারল্যান্ডস এর ওয়েজিনইনজেন ইউনিভার্সিটি এন্ড রিসার্চ এর ওয়েজিনইনজেন ফুড এন্ড বায়োবেসড রিসার্চ (ডব্লিউএফবিআর) এর ০২ (দুই) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৭ আগস্ট ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

প্রতিনিধি দল বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এরপর বারি মহাপরিচালকের সভাকক্ষে সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। ■

## ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*ইউনিভার্সিটি প্রত্রা মালয়েশিয়া এর প্রতিনিধি দলের সাথে মতবিনিময় করছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া এর ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৩০ আগস্ট ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

প্রতিনিধি দল বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। এরপর মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এবং মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ অংশগ্রহন করেন। অনুষ্ঠানটির কো-অর্ডিনেটর হিসেবে ছিলেন প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মিজানুর রহমান। ■

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## টেকসই ফসল উৎপাদনের জন্য আইওটি ভিত্তিক নির্ভুল কৃষির সম্ভাব্যতা অধ্যয়নের জন্য মাঠ পরিদর্শন অনুষ্ঠিত



*বিএআরসি নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার ও অন্যান্য অতিথিবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে বাংলাদেশে টেকসই ফসল উৎপাদনের জন্য আইওটি ভিত্তিক নির্ভুল কৃষির সম্ভাব্যতা অধ্যয়নের জন্য মাঠ পরিদর্শন গত ১৮ জুলাই ইনস্টিটিউটের এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ), বাংলাদেশ এর অর্থায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর সমন্বয়ে, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বারি, গাজীপুর ও নোডিস ডিজিটাল লিমিটেড, ঢাকা এ প্রকল্প বাস্তবায়ন করছে। বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের বিজ্ঞানী, বিএআরসি এবং নোডিস ডিজিটাল লিমিটেড, ঢাকা এর প্রতিনিধিগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। ■

## বারি'তে গবেষণা কার্যক্রম জোরদার ও গতিশীল করার লক্ষ্যে করণীয় নির্ধারণ কর্মশালা



*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব রেহানা ইয়াসমিন*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর চলমান গবেষণা কার্যক্রম জোরদার ও গতিশীল করার লক্ষ্যে ভবিষ্যৎ করণীয় নির্ধারণ সংক্রান্ত কর্মশালা গত ১৭ সেপ্টেম্বর ২০২৩ মহাপরিচালক মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগের যুগ্ম সচিব রেহানা ইয়াছমিন। এসময় বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন এবং অন্যান্য সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। ■

## বারি'তে সাইন্স কমিউনিকেশন ট্রেনিং অনুষ্ঠিত




*সাইন্স কমিউনিকেশন ট্রেনিং অনুষ্ঠানে বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, অন্যান্য অতিথি এবং প্রশিক্ষণার্থীবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর জীব প্রযুক্তি বিভাগের আয়োজনে গত ২৪ সেপ্টেম্বর ২০২৩ ফিড দি ফিউচার গ্লোবাল বায়োটেক পটেটো পার্টনারশীপ এবং ফার্মিং ফিউচার বাংলাদেশ এর সহযোগিতায় সাইন্স কমিউনিকেশন ট্রেনিং বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বারি'র বিজ্ঞানী এবং বিভিন্ন এনজিও এর উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এছাড়াও বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, গ্লোবাল বায়োটেক পটেটো পার্টনারশীপ এর প্রজেক্ট ডিরেক্টর ড. ডেভিড ডচেস, ফার্মিং ফিউচার বাংলাদেশ এর সিইও এবং নির্বাহী পরিচালক জনাব মো. আরিফ হোসেন, গ্লোবাল বায়োটেক পটেটো পার্টনারশীপ এর কমিউনিকেশন এন্ড এ্যাডভোকেসি গ্লোবাল রিসোর্চ লিড জেন ফিয়েরো এবং বারি'র জীব প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মাহমুদা খাতুন উপস্থিত ছিলেন। ■

## বারি'তে ভূ-গর্ভস্থ পানির সংরক্ষণ প্রকল্পের মধ্যবর্তী কর্মশালা অনুষ্ঠিত



ভূ-গর্ভস্থ পানির সংরক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের আয়োজনে গত ০৫ জুলাই ২০২৩ "ভূ-গর্ভস্থ পানির সংরক্ষণ এবং বাংলাদেশের সেচ নির্ভর কৃষি ব্যবস্থার দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ" শীর্ষক সমীক্ষা প্রকল্পের মধ্যবর্তী কর্মশালা ইনস্টিটিউটের এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয় এর অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভূ-গর্ভস্থ পানির সংরক্ষণ প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী পরিচালক এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ড. সুজিৎ কুমার বিশ্বাস। ■

## বারি'তে পোকামাকড়ের সংগনিরোধ বিষয়ক প্রশিক্ষণের সমাপনী



কর্মশালায় সমাপনী অনুষ্ঠানে বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, অন্যান্য অতিথি এবং প্রশিক্ষণার্থীবৃন্দ।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কীটতত্ত্ব বিভাগের আয়োজনে গত ১৪ সেপ্টেম্বর ২০২৩ পোকামাকড়ের সংগনিরোধ বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান কীটতত্ত্ব বিভাগের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। ফিড দি ফিউচার বাংলাদেশ আইপিএমএ এর সহযোগিতায় এবং ইউএসএআইডি মিশন, বাংলাদেশ এর অর্থায়নে আয়োজিত তিন দিনব্যাপী (১২-১৪ সেপ্টেম্বর) এ প্রশিক্ষণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

বারি'র কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. নির্মল কুমার দত্ত এর সভাপতিত্বে উক্ত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক (উদ্ভিদ সংগনিরোধ উইং) ড. মো. রেজাউল করিম। গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন ড. রনগোস্বামী মুনিআপ্পান (Dr. Rangaswami Muniappan), প্রিন্সিপাল ইনভেস্টিগেটর, ফিড দি ফিউচার বাংলাদেশ আইপিএমএ, ভার্জিনিয়া টেক এবং ড. গুরু ঘোষ (Dr. Guru Ghosh), ভাইস-প্রেসিডেন্ট ফর আউটরিচ এন্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স, ভার্জিনিয়া টেক। ■

## বারি'তে ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ ও সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র এর উদ্যোগে "আপ-স্কেলিং এন্ড পাইলটিং ফর কমার্শিয়ালাইজেশন অফ ফ্রাইড ফ্রেশ-কাট চিপস্ ফরম সিলেক্টেড ক্রপস ইউজিং ভ্যাকুম ফ্রাইং টেকনোলজি" এবং "কমিউনিটি বেসড সাসটেইনেবল ভেজিটেবলস্ প্রোডাকশন: এলিভেটিং কোয়ালিটি সিড প্রোডাকশন, প্রোসেসিং, মার্কেটিং এন্ড এক্সপ্যানশন অফ বিএআরআই রিলিজড ভ্যারাইটিজ ইন বাংলাদেশ" শীর্ষক কর্মশালা গত ২০ সেপ্টেম্বর ২০২৩ বারি'র সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। ডাচ বাংলা ব্যাংক লিমিটেড (ডিবিবিএল), ঢাকা এর অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।



ইনসেপশন ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। কর্মশালায় গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন ডিবিবিএল-সিএসআর প্রোগ্রাম এক্সপার্ট কমিটি, ঢাকা এর চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মঞ্জুরুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিবিবিএল-সিএসআর গ্রাটা সচিবালয়, ঢাকা এর প্রোগ্রাম কো-অর্ডিনেটর ড. ইঞ্জি. মো. আব্দুর রাজ্জাক আকন্দ, এবং এসএমই-বিবিডি, ডিবিবিএল, ঢাকা এর সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এন্ড হেড জনাব ফরহাদ আহমেদ খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মো. হাফিজুল হক খান। প্রকল্পের কার্যক্রম উপস্থাপন করেন বারি'র সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ড. এ কে এম কামরুজ্জামান এবং পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. গোলাম ফেরদৌস চৌধুরী। ■

বিএআরআই
সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

# বারি'তে ড. কাজী এম. বদরুদ্দোজা স্মরণ সভা অনুষ্ঠিত




*ড. কাজী এম বদরুদ্দোজা স্মরণ সভায় প্রধান অতিথি বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং অন্যান্য পরিচালকবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রতিষ্ঠাতা পরিচালক, স্বাধীনতা পদকপ্রাপ্ত, ইমিরেটাস সায়েন্টিস্ট ড. কাজী এম. বদরুদ্দোজা গত ৩০ আগস্ট ২০২৩ মৃত্যুবরণ করেন। তাঁর স্মরণে গত ১৪ সেপ্টেম্বর ২০২৩ বারি'র কাজী বদরুদ্দোজা মিলনায়তনে এক স্মরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বারি'র বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ স্মরণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম এবং পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার।

ড. কাজী এম. বদরুদ্দোজা ১৯২৭ সালে বগুড়ায় জন্ম গ্রহণ করেন। বেড়ে উঠেছেন গাইবান্ধায়। স্বাধীনতা পরবর্তী যুদ্ধ বিধ্বস্ত এই দেশের কৃষিকে এগিয়ে নেয়ার দায়িত্ব কাঁধে নেন ড. কাজী এম. বদরুদ্দোজা। তাঁর সুদক্ষ নেতৃত্বে গড়ে উঠে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)। তিনি ছিলেন এই ইনস্টিটিউটের প্রতিষ্ঠাতা পরিচালক (১৯৭৪-৭৯)। এছাড়াও তাঁর নেতৃত্বে গড়ে উঠে বাংলাদেশ মৎস গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পশু সম্পদ গবেষণা ইনস্টিটিউট এবং ইনস্টিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ ইন এগ্রিকালচার (বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়)। এই স্বনামধন্য বিজ্ঞানী দেশে ও দেশের বাইরে অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। ১৯৮৫ সালে সরকার জাতীয় পর্যায়ে তাঁকে আজীবন ইমিরেটাস বিজ্ঞানী সম্মানে ভূষিত করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষির প্রবাদ পুরুষ ড. কাজী এম. বদরুদ্দোজাকে ২০১২ সালে স্বাধীনতা পদক প্রদান করেন। ■

## বারি'তে "পানির দক্ষ সেচ ব্যবস্থাপনার...

*অষ্টম পৃষ্ঠার পর*

সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। অনুষ্ঠানে গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মো. মঞ্জুরুল আলম, চেয়ারম্যান, ডিবিবিএল-সিএসআর প্রোগ্রাম এক্সপার্ট কমিটি এবং ডিন, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। বারি'র পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. শাহাদৎ হোসেন এবং প্রোগ্রাম কো-অর্ডিনেটর ডিবিবিএল-সিএসআর-গ্রেটা সেক্রেটারিয়েট, প্রকৌশলী ড. মো. আবদুর রাজ্জাক আকন্দ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য ও মূল প্রবন্ধ উপস্হাপন করেন প্রিন্সিপাল ইনভেসটিগেটর এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ড. সুজিৎ কুমার বিশ্বাস। ■

## বারি'তে এআইটি, থাইল্যান্ড এর কৃষি...

*তৃতীয় পৃষ্ঠার পর*

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধানগণ এবং সিনিয়র বিজ্ঞানীবৃন্দ অংশগ্রহন করেন।

সেমিনার শেষে প্রফেসর ড. অভিষেক দত্ত সৌজন্যমূলক সাক্ষাতকারে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সাথে মিলিত হন এবং মহাপরিচালকের কনফারেন্স রুমে দুই প্রতিষ্ঠানের কৃষি গবেষণার ক্ষেত্রে সম্পর্ক তৈরি এবং বিজ্ঞানীদের দক্ষতা বৃদ্ধির বিষয়ে পারস্পরিক সহযোগিতার সুযোগ গুলো নিয়ে সভায় বিষদ আলোচনা হয়। ■

## বারি'তে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা...

*অষ্টম পৃষ্ঠার পর*

বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। কর্মশালায় গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর নির্বাহী পরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাস। ■

## বারি ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়...

*তৃতীয় পৃষ্ঠার পর*

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্র. ও যো.) ড. মো. শওকত আলী খান। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার তার বক্তব্যে বলেন, এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে দুটি প্রতিষ্ঠানের মাঝে গবেষণা বিষয়ে অপার সম্ভাবনার দ্বার উন্মোচন হলো। ■

## ওয়েজিনইনজেন ইউনিভার্সিটির...

*তৃতীয় পৃষ্ঠার পর*

অতিথিবৃন্দ ইনস্টিটিউটের হাইড্রোপোনিক ল্যাব, পেস্টিসাইড এ্যানালাইটিক্যাল ল্যাব, প্ল্যান্ট প্যাথলোজি ডাইগোনস্টিক ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। ■

# বারি'তে জাতীয় শোক দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এ গত ১৫ আগস্ট ২০২৩ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে দিনব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ের সামনে জাতীয় পতাকা অর্ধনমিত ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিনের কর্মসূচীর উদ্বোধন করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিকবৃন্দ, বারি উচ্চ বিদ্যালয় ও আনন্দ শিশু কাননের শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।

এছাড়াও দিনব্যাপী কর্মসূচীর মধ্যে ছিল শিক্ষার্থীদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতা, ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সংগীত প্রতিযোগিতা, আলোচনা অনুষ্ঠান, কোরআন খতম, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ ও প্রামাণ্য চিত্র প্রদর্শনী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনায় মিলাদ মাহফিল, বিশেষ মোনাজাত ও প্রার্থনা।



*জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার ও অন্যান্য পরিচালকবৃন্দ।*

সকালে ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (উদ্যানতত্ত্ব) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস। এছাড়াও বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বঙ্গবন্ধু কৃষিবিদ পরিষদ, ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা), বারি শ্রমিক ক্লাবের প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। ■

# বারি ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর



*সমঝোতা স্মারক বিনিময় করছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং সিলেট বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার জনাব বদরুল ইসলাম শোয়েব।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান গত ১৪ আগস্ট ২০২৩ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এর পক্ষে রেজিস্ট্রার জনাব বদরুল ইসলাম শোয়েব সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিচালক (এক্সটার্নাল অ্যাফেয়ার্স) ড. তিলক চন্দ্র দাস; কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. চন্দ্র কান্ত দাস এবং বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আশরাফ উদ্দিন আহমেদ। *এরপর পৃষ্ঠা ৬*

# বারি ও বিডব্লিউএমআরআই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




*সমঝোতা স্মারক বিনিময় করছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং বিডব্লিউএমআরআই মহাপরিচালক ড. গোলাম ফারুক।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডব্লিউএমআরআই) এর মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান গত ১২ জুলাই ২০২৩ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে মহাপরিচালক ড. গোলাম ফারুক সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে বিডব্লিউএমআরআই'র পরিচালক ড. মো. আবু জামান সরকার এবং বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শওকত আলী খান উপস্থিত ছিলেন। ■

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'তে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ওসিওপি কান্ট্রি প্রকল্পের জন্য এফএও আঞ্চলিক লঞ্চ ইভেন্ট এবং কর্মশালা অনুষ্ঠিত



*এফ এ ও প্রতিনিধি দলের সাথে কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব ড. সাবিনা ইয়াসমিন এবং বারি বিজ্ঞানীবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), গাজীপুর এর আয়োজনে গত ২০ জুলাই ২০২৩ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ওসিওপি কান্ট্রি প্রকল্পের জন্য এফএও আঞ্চলিক লঞ্চ ইভেন্ট এবং কর্মশালার সমাপনী অধিবেশন বারি'র কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের ঊর্ধ্বতন বিজ্ঞানীবৃন্দ, এফএও এর কর্মকর্তাবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (গবেষণা অধিশাখা) ড. সাবিনা ইয়াসমিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও), রোম, ইতালির ডিরেক্টর প্লান্ট প্রোডাকশন এন্ড প্রোটেকশন ডিভিশন (এনএসপি) ড. জিংউয়ান জিয়া (Dr. Jingyuan Xia)। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশে এফএও প্রতিনিধি মি. রর্বাট ডি. সিম্পসন।

এফএও প্রতিনিধি দল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সদর দপ্তরের সামনে এসে পৌছালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে নিয়ে তাদের স্বাগত জানান। ■

## বারি'তে "পানির দক্ষ সেচ ব্যবস্থাপনার মাধ্যমে চর অঞ্চলে ফসল উৎপাদন বৃদ্ধি" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মাহপরিচালক ড. দেবাশীষ সরকরার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের আয়োজনে গত ১৯ আগস্ট ২০২৩ "বাংলাদেশে উত্তরাঞ্চলে পানির দক্ষ সেচ ব্যবস্থাপনার মাধ্যমে চর অঞ্চলে ফসল উৎপাদন বৃদ্ধি" শীর্ষক কর্মশালা ইনস্টিটিউটের এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ডিবিবিএল-সিএসআর গ্রেটা এর অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

*এরপর পৃষ্ঠা ৬*

## বারি'তে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের লক্ষ্যে আয় বৃদ্ধির জন্য কাঁঠাল উৎপাদন পরবর্তী প্রযুক্তি এবং বাজারজাতকরণ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



*বারি মহাপরিচালক ও দেবাশীষ সরকার এবং অন্যান্য অতিথিবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ ও নিউভিশন সল্যুশনস লিমিটেড, ঢাকা এর উদ্যোগে গত ২৮ আগস্ট ২০২৩ "খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের লক্ষ্যে আয় বৃদ্ধির জন্য কাঁঠাল উৎপাদন পরবর্তী প্রযুক্তি এবং বাজারজাতকরণ" শীর্ষক কর্মশালা বারি'র সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। পোস্টহারভেস্ট ম্যানেজমেন্ট, প্রোসেসিং এন্ড মার্কেটিং অফ জ্যাকফ্রুটস প্রকল্পের আওতায় কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারি'র বিজ্ঞানী, কেজিএফ ও নিউভিশন সল্যুশনস লিমিটেড এর কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

*এরপর পৃষ্ঠা ৬*

প্রধান পৃষ্ঠপোষক ও মুখ্য সম্পাদক : ড. দেবাশীষ সরকার
সম্পাদক : মো. হাসান হাফিজুর রহমান
আলোকচিত্র শিল্পী : পংকজ সিকদার

প্রকাশনায় : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১
ফোন- +৮৮-০২-৪৯২৭০০৩৮

ডিজাইন ও মুদ্রণে : জননী প্রিন্টার্স
১০৫ আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০

প্রকাশ: অক্টোবর ২০২৩